



PRESS RELATIONS DIVISION, Central Office, Post Box 406, Mumbai 400001
Phone: 2266 0502 Fax: 2266 0358, 2270 3279

RESERVE BANK OF INDIA

www.rbi.org.in
www.rbi.org.in/hindi
e-mail: helpprd@rbi.org.in

১৮ই এপ্রিল ২০০৭

**বেসরকারী ও ভারতে ব্যবসাকারী বিদেশি ব্যাংকের ক্ষেত্রে
নিয়ন্ত্রিত প্রকাশ প্রকল্প (প্রোটেক্টেড ডিসক্লোজার স্কিম) প্রচলন করল ভারতীয় রিজার্ভ ব্যাংক**

ভারতীয় রিজার্ভ ব্যাংক আজ বেসরকারী ও ভারতে ব্যবসাকারী বিদেশি ব্যাংকের ক্ষেত্রে নিয়ন্ত্রিত প্রকাশ প্রকল্প (প্রোটেক্টেড ডিসক্লোজার স্কিম) প্রচলন করল। এই মর্মে বেসরকারী ও ভারতে ব্যবসাকারী বিদেশি ব্যাংকদের যে বিজ্ঞপ্তি জারী করা হয়েছে তা ভারতীয় রিজার্ভ ব্যাংকের ওয়েবসাইট (www.rbi.org.in)-এ প্রকাশিত করা হয়েছে জনসাধারণের জ্ঞাতার্থে। রাষ্ট্রীয় ব্যাংকগুলি এবং ভারতীয় রিজার্ভ ব্যাংক (যেহেতু এই সংস্থাটি কেন্দ্রীয় আইন দ্বারা প্রতিষ্ঠিত) ভারত সরকারের এই প্রকল্পটির আওতায় আপেই এসেছিল।

বেসরকারী ও ভারতে ব্যবসাকারী বিদেশি ব্যাংকের ক্ষেত্রে প্রযোজ্য এই আইনটি ২১শে এপ্রিল ২০০৪-এ গৃহীত ভারত সরকারের সিদ্ধান্ত অনুযায়ী গঠন করা হয়েছে, যেখানে সেন্ট্রাল ডিজিটেল কমিশনকে ক্ষমতা দেওয়া হয়েছে যাতে তারা কেন্দ্রীয় সরকারী কর্মচারী অথবা কেন্দ্রীয় সরকার দ্বারা গঠিত অথবা কেন্দ্রীয় আইন দ্বারা গঠিত কোনো সংস্থার কর্মচারী, সরকারী সংস্থা, সোসাইটি অথবা কেন্দ্রীয় সরকার দ্বারা নিয়ন্ত্রিত স্থানীয় কর্তৃপক্ষের কর্মচারীদের বিরুদ্ধে অথবা দুর্নীতি অথবা পদাধিকারের অন্যায় ব্যবহার দ্বারা প্রাপ্ত সুবিধা সম্বন্ধে লিখিত অভিযোগ গ্রহণ করতে পারে এবং তাদের বিরুদ্ধে উপযুক্ত শাস্তির সুপারিশ করতে পারে।

আপনাদের মনে থাকতে পারে যে আর্থিক স্থিতিশীলতা ও আর্থিক ক্ষেত্রে জনসাধারণের বিশ্বাস বাড়াতে একটি সক্রিয় নীতির জন্য ভারতীয় রিজার্ভ ব্যাংক 'বেসরকারী ও ভারতে ব্যবসাকারী বিদেশি ব্যাংকের ক্ষেত্রে নিয়ন্ত্রিত প্রকাশ প্রকল্প (প্রোটেক্টেড ডিসক্লোজার স্কিম)' প্রচলন করতে চাইছিলেন। এই প্রস্তাবিত প্রকল্পের খসড়া ভারতীয় রিজার্ভ ব্যাংকের ওয়েবসাইটে ২৫শে জানুয়ারি ২০০৬ থেকে বিজ্ঞপিত করা হয়েছিল এবং জনসাধারণ সহ সংশ্লিষ্ট সমস্ত পক্ষকে এই বিষয়ে মতামত জানাতে আহ্বান করা হয়েছিল। এই প্রকল্পটি পরবর্তীকালে পূর্ণ রূপ দান করা হয়েছে এই সমস্ত মতামতগুলি মাথায় রেখে এবং এটিকে কার্যকর করা হচ্ছে অবিলম্বে।

আল্পনা কিন্নাওয়াল
চিফ জেনারেল ম্যানেজার

প্রেস বিজ্ঞপ্তি : 2006-2007/1423